গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, সোমবার ১৬ ফেব্রুয়ারি ২০১৫, ৪ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সমুদ্রসম্পদ রক্ষায় শক্তিশালী নিরাপত্তা জোরদারে গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

২। গণতন্ত্র রক্ষায় বাংলাদেশকে সহযোগিতা করতে প্রতিশ্রুতিবদ্ধ যুক্তরাষ্ট্র
: প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে মার্কিন রাষ্ট্রদূত বার্ণিকাট

৩। অস্থিরতা সত্ত্বেও চলতি অর্থ বছরের প্রথমার্ধে রাজস্ব আদায় ৯৮ শতাংশ
: সংসদের প্রশ্নোত্তরে অর্থমন্ত্রী

৪। সরকারি প্রতিষ্ঠানের কাছে বিটিসিএলের পাওনা ৫৯ কোটি ২৫ লাখ টাকা

৫। দগ্ধ শ্রমিকদের আর্থিক সহায়তা দিলেন শ্রম প্রতিমন্ত্রী

৬। হরতাল-অবরোধের নামে সহিংসতা বন্ধে হাইকোর্টের নির্দেশ
: পরীক্ষা গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠানও খোলা রাখার আদেশ

৭। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ১০ শয্যার বার্ন ইউনিটের যাত্রা শুরু

৮। শিশু জিহাদের পরিবারকে ৩০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে হাইকোর্টের রুল

৯। সুন্দরবনে দীর্ঘ মেয়াদে ক্ষতির আশঙ্কা : সরকার ও জাতিসংঘের সমীক্ষা প্রতিবেদন

১০। প্রাণিজ আমিষের জোগান নিশ্চিত করতে পোল্ট্রিশিল্পের বিকাশ জরুরি

১১। অবরোধ-হরতালে পরিবহণ খাতে ক্ষতি ১২ হাজার ৬০০ কোটি টাকা

চলমান পাতা/২

১। সমুদ্রসম্পদ রক্ষায় শক্তিশালী নিরাপত্তা জোরদারে গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভ্যন্তরীণ পানিসম্পদ রক্ষা, নৌপথের নিরাপত্তা এবং উপকূলীয় অঞ্চলের অপরাধ দমনে একটি শক্তিশালী নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, যে দেশ তার সমুদ্র সম্পদ যত সর্বোত্তমভাবে ব্যবহার করতে সক্ষম সে দেশের অর্থনৈতিক উন্নয়ন তত দ্রুত এগিয়ে যায়। প্রধানমন্ত্রী গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার আগারগাঁওয়ে বাংলাদেশ কোস্টগার্ডের সদর দফতরে এর ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন ও 'ন্যাশনাল স্ট্যান্ডার্ড' প্রদান অনুষ্ঠানে ভাষণকালে এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৩)।

২। গণতন্ত্র রক্ষায় বাংলাদেশকে সহযোগিতা করতে প্রতিশ্রুতিবদ্ধ যুক্তরাষ্ট্র : প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে মার্কিন রাষ্ট্রদূত বার্ণিকাট

মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট বলেছেন, তাঁর দেশ বাংলাদেশে অব্যাহত গণতন্ত্র দেখতে চায় এবং গণতন্ত্র রক্ষায় এ দেশকে সহযোগিতার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার তাঁর সংসদ ভবন কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত এসব কথা বলেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী এ ব্যাপারে সাংবাদিকদের একথা জানান। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.২,ক.৪)।

৩। অস্থিরতা সত্ত্বেও চলতি অর্থ বছরের প্রথমার্ধে রাজস্ব আদায় ৯৮ শতাংশ
: সংসদের প্রশ্নোত্তরে অর্থমন্ত্রী

সরকারের বিচক্ষণ নীতি ও দক্ষ অর্থনৈতিক ব্যবস্থাপনায় গত ছয় বছরে গড়ে ৬ দশমিক ১৪ শতাংশ হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। বৈশ্বিক মন্দাত্তোরকালে বিশ্বের স্বল্প যে কটি দেশ ৬ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্জন করেছে বাংলাদেশ তাদের মধ্যে অন্যতম। গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদে টেবিলে উত্থাপিত লিখিত প্রশ্নোত্তর পর্বে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ তথ্য জানিয়ে বলেন, রাজনৈতিক অস্থিরতা সত্ত্বেও চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে রাজস্ব আদায়ের হার শতকরা প্রায় ৯৮ ভাগ। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.২,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.১)।

৪। সরকারি প্রতিষ্ঠানের কাছে বিটিসিএলের পাওনা ৫৯ কোটি ২৫ লাখ টাকা

সরকারি প্রতিষ্ঠানগুলোর কাছে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেডের (বিটিসিএল) পাওনার পরিমাণ ৫৯ কোটি ২৫ লাখ ৩৭ হাজার টাকা। গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদে উত্থাপিত প্রশ্নের জবাবে টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানান। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৩), জনকণ্ঠ (পৃ.৩,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩)।

৫। দগ্ধ শ্রমিকদের আর্থিক সহায়তা দিলেন শ্রম প্রতিমন্ত্রী

অবরোধ-হরতালে দগ্ধ ৪৯ শ্রমিককে ২০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক চুন্নু। এরই অংশ হিসেবে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন ২৪ শ্রমিকের হাতে নগদ ২০ হাজার টাকা করে প্রদান করেন প্রতিমন্ত্রী। গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার ঢাকা মেডিকেল কলেজ বার্ন ইউনিটে দগ্ধ রোগীদের দেখতে গিয়ে তিনি এ আর্থিক সহায়তা দেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.১), যায়যায়দিন (পৃ.১৫,ক.২)।

৬। হরতাল-অবরোধের নামে সহিংসতা বন্ধে হাইকোর্টের নির্দেশ : পরীক্ষা গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠানও খোলা রাখার আদেশ

চলমান হরতাল-অবরোধের প্রেক্ষাপটে নৈরাজ্য বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকারকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি নৃশংস অবরোধ কেন অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে সরকারের সংশ্লিষ্টদের প্রতি রুল জারি করা হয়। এছাড়া হরতাল-অবরোধ ডাকা রাজনৈতিক দলগুলোকে সহিংসতায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কেন ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার এই অন্তবর্তীকালীন আদেশ দিয়ে রুল জারি করা হয়। অপর একটি রিটে হরতাল-অবরোধের মধ্যে এসএসসি পরীক্ষা গ্রহণ ও শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকারকে নির্দেশ দিয়েছেন একই আদালত। এ ক্ষেত্রে কেউ বাধা দিলে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়। সূত্র-সমকাল (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.১,ক.২)। জনকণ্ঠ, ইত্তেফাক, সমকাল, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে সহ কয়েকটি দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ১০ শয্যার বার্ন ইউনিটের যাত্রা শুরু

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার থেকে ১০ শয্যার বার্ন ইউনিট চালু হয়েছে। এখন থেকে এ ইউনিটে দগ্ধ রোগীরা বিনামূল্যে চিকিৎসাসেবা পাবেন। বার্ন

ইউনিটের উদ্বোধন অনুষ্ঠানে বিএসএমএমইউর উপচার্য প্রাণ গোপাল দত্ত বলেন, দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ও পোড়া বা দগ্ধ রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে বার্ন ইউনিট চালু করা হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৮। শিশু জিহাদের পরিবারকে ৩০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে হাইকোর্টের রুল

রাজধানীর শাজাহানপুরে পাইপে পড়ে নিহত শিশু জিহাদের পরিবারকে ৩০ লাখ টাকা ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার এক রিটের শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের সমন্বয়ে গঠিত হাইকোর্টের বেঞ্চ এ রুল দেয়। একই সঙ্গে শিশু জিহাদের মৃত্যুতে বিবাদীদের অবহেলা কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা-ও জানতে চাওয়া হয়েছে। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), নিউ নেশন (পৃ.১,ক.২)।

৯। সুন্দরবনে দীর্ঘ মেয়াদে ক্ষতির আশঙ্কা : সরকার ও জাতিসংঘের সমীক্ষা প্রতিবেদন

বিশ্ব ঐতিহ্য সুন্দরবনে তেলবাহী জাহাজডুবিতে সাড়ে তিন লাখ লিটার ফার্নেস তেল বনে ছড়িয়ে পড়াকে 'গুরুতর' ঘটনা হিসেবে চিহ্নিত করেছে বাংলাদেশ সরকার এবং জাতিসংঘের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত সমীক্ষা দল। তারা বলেছে, প্রাথমিক পর্যবেক্ষণে তেল ছড়িয়ে পড়ার প্রভাব সীমিত হলেও বনের প্রাণিকূল প্রতিবেশ ব্যবস্থার ওপরে তা দীর্ঘ মেয়াদে ক্ষতি ডেকে আনতে পারে। গত ১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার পরিবেশ ও বন মন্ত্রণালয়ে সমীক্ষা প্রতিবেদনটি জমা দেওয়া হয়। সূত্র-প্রথম আলো এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। প্রাণিজ আমিষের জোগান নিশ্চিত করতে পোল্ট্রিশিল্পের বিকাশ জরুরি

সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনের ক্ষেত্রে বাংলাদেশ স্বাস্থ্য খাতে অগ্রগতি অর্জন করলেও পুষ্টির ক্ষেত্রে এখনো অনেক পিছিয়ে আছে। এর একটি অন্যতম কারণ হচ্ছে, এখনো প্রতিদিন জনপ্রতি মুরগির মাংসের ঘাটতি প্রায় ২৬ গ্রাম এবং ডিমের ঘাটতি প্রায় ২৩ গ্রাম। গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার জাতীয় প্রেসক্লাবে, ওয়ার্ল্ডস পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন বাংলাদেশ শাখা (ওয়াপসা-বিবি) আয়োজিত "ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণে পোল্ট্রিশিল্পের ভূমিকা" শীর্ষক গোলটেবিল বৈঠকে পুষ্টি ও প্রাণিসম্পদ বিশেষজ্ঞরা এসব অভিমত দেন। সূত্র-ভোরের কাগজ (পৃ.১০,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.৩), সংবাদ (পৃ.১৪,ক.৪)।

১১। অবরোধ-হরতালে পরিবহণ খাতে ক্ষতি ১২ হাজার ৬০০ কোটি টাকা

টানা অবরোধের ৪২ দিনের মধ্যে ২১ দিনের হরতালে শুধু পরিবহণ খাতে ১২ হাজার ৬০০ কোটি টাকা ক্ষতি হয়েছে। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি গতকাল ১৫ ফেব্রুয়ারি রোববার এক প্রতিবেদনে ক্ষয়ক্ষতির এ তথ্য প্রকাশ করেছে। সূত্র-ইনকিলাব (পৃ.১২, ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল : বিজিএমই আয়োজিত ব্যবসায়ীদের প্রতীকী অনশন কর্মসূচিতে উপর্যুপরি হরতাল ও অবরোধের সহিংসতায় দেশের অর্থনীতি, পরিবহণ, শিক্ষা, স্বাস্থ্যসেবাসহ প্রতিটি আর্থ-সামাজিক খাত বিপর্যস্ত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে তারা এসব বন্ধের জন্য সরকার ও বিরোধী জোটের কাছে আলোচনার মাধ্যমে সমাধানের যে আহ্বান জানিয়েছেন তার ওপর গুরুত্বারোপ;

খ. সংবাদ, প্রথম আলো : রাজনৈতিক সহিংসতার শিকার অগ্নিদগ্ধ রোগীদের শারিরীক শুশ্রূষার পাশাপাশি মানসিক শুশ্রূষা পেতে সচেতনতা সৃষ্টি করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : উত্তরাঞ্চলের নদ-নদীর পানি শূন্যতা ও ভূগর্ভস্থ পানির স্তর নেমে যাওয়ায় বোরো ও আমের উৎপাদনে মারাত্মক প্রভাব ফেলার আশঙ্কায় ঐ অঞ্চলের মরুকরণ প্রক্রিয়া রোধে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার দাবি;

ঘ. ইনকিলাব : তুরাগ নদীর ওপর নির্মিত আশুলিয়া ব্রিজ বালু ব্যবসায়ীদের বালু তোলার কারণে মারাত্মক হুমকির মুখে পতিত হওয়ায় এ জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ত্বরিৎ ও কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঙ. যুগান্তর : বাংলাদেশ ও ভারতের মধ্যে যাত্রীবাহী জাহাজ চালুর উদ্যোগ নেওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে : বিদেশি হস্তক্ষেপ ছাড়াই চলমান রাজনৈতিক সংকট সমাধানে আওয়ামী লীগ ও বিএনপিকে এগিয়ে আসার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : অগ্নিকাণ্ডের ঘটনা প্রতিরোধে গার্মেন্টসসহ বিভিন্ন প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

জ. নিউজ টুডে : কাঙ্ক্ষিত মাত্রায় বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে বিনিয়োগ বোর্ডকে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ঝ. নিউ নেশন : সরকারি প্লট ও ফ্ল্যাট বরাদ্দে জ্যৈষ্ঠতা, বয়স ও চাকরির প্রকৃতি প্রভৃতি বিষয় বিবেচনায় নেওয়ার আহ্বান;

ঞ. নিউ এজ : বিদেশে বিশেষ করে মধ্যপ্রাচ্যে বাংলাদেশি কর্মী পাঠানোর পূর্বে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা

গ্রহণের সুপারিশ;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : প্রযুক্তি খাতের সফটওয়্যার রপ্তানির ক্ষেত্রে ফ্রিল্যান্সিংকে অধিকতর উৎসাহিত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে বিরোধী রাজনীতির ঘোরতর দুরবস্থা দেশের সামগ্রিক রাজনৈতিক অবস্থার ওপর নেতিবাচক প্রভাব ফেলছে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'নির্ভয়ে বুকভরে নি:শ্বাস নেবো কবে' শিরোনামের নিবন্ধে ড. ইকবাল হুসাইন আন্দোলনের নামে মানুষ হত্যা ও অর্থনীতিকে ধ্বংস করার উৎসব বন্ধ করে একটি স্থিতিশীল এবং দুর্যোগ ও দুশ্চিন্তামুক্ত পরিবেশ দিতে পারলে এ দেশের মানুষই হতে পারে উন্নত দেশ গড়ার নিষ্ঠাবান কারিগর বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা